

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রীর সাথে জাপান প্রতিনিধিদলের সাক্ষাত

ঢাকা- ১৪ মার্চ ২০১৯

আজ বেলা ১১.০০ টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ, এমপি'র সাথে জনশক্তি রপ্তানি বিষয়ে জাপানের একটি প্রতিনিধিদল সাক্ষাত করেছে।

সাক্ষাতকালে প্রতিমন্ত্রী জাপানের প্রতিনিধিদের বলেন, বাংলাদেশের মানুষ পরিশ্রমী ও প্রতিশ্রুতিশীল। তিনি আরোও বলেন, বাংলাদেশের জনশক্তিকে ব্যবহার করে জাপান তার শ্রম ঘাটতি পূরণ করতে পারে। তিনি উল্লেখ করেন জাপানের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্য কর্মী প্রেরণে বাংলাদেশ প্রস্তুত।

ইতিপূর্বে বাংলাদেশের বিভিন্ন মেগা প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন জাপানী প্রতিনিধিদল। পরিদর্শন আলোকে তারা সেবার মান নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন। জাপান বাংলাদেশের বিশ্বস্ত বন্ধু উল্লেখ করে তারা বলেন, এ বন্ধুত্ব এক দিনের নয়, এটা অটুট রাখতে হবে।

জাপানের প্রতিনিধিদলে ছিলেন, এমএলএস কর্পোরেশনের সিইও ওইকাওয়া ইউসুকি (Oikawa Yusuke), মায়ানমার ডাউই কালচার ইকোনমি ডেভেলপমেন্ট এসোসিয়েশন এর ম্যানেজিং ডিরেক্টর ইয়াসুয়ো মেগা (Yasuo Mega), গকুবান কর্পোরেটিভ এর ডাইরেক্টর তেৎসুফুমি ফুজিসাওয়া (Tetsufumi Fujisawa) প্রমুখ।

এসময় মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশিক্ষণ) মোঃ শহীদুল আলম, এনডিসি ও উপসচিব কাজী আবেদ হোসেন উপস্থিত ছিলেন।



